



উর্মিমালা বসুর মতামত

শ্রুতিনাটক বার্তা

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

পত্রিকার পক্ষে কয়েকটি জিজ্ঞাসা সম্পর্কে স্বনামখ্যাত যশস্বী শিল্পী শ্রীমতী উর্মিমালা বসুর মতামত

শ্রুতিনাটক এই নামকরণ সম্পর্কে আপনার মতামত কি-

আমার মতামত নামটির মধ্যেই নিহিত আছে--নামকরণ কার্যটি আমার সরব উপস্থিতিতেই সাধিত হয়েছিল যতদূর মনে পড়ছে।

শ্রুতিনাটক মঞ্চনাটকের পরিপূরক না প্রতিদ্বন্দ্বী - কেন?

অবশ্যই পরিপূরক-- মঞ্চনাটকের শেষ লক্ষ্য শেষ সারির দর্শকের কানে সংলাপ পৌঁছে দেওয়া তার শ্রুতিনাটকের সংলাপে কায়িক অভিব্যক্তি লুকিয়ে থাকে নইলে ব্যাপারটা পাঠ হয়ে দাঁড়ায়া কাজেই এদুটি মাধ্যম হাত ধরাধরি করে বন্ধুর মতই চলে।

শ্রুতিনাটকের বৈশিষ্ট্য কি?

মঞ্চে যা দেখা যায় না অথচ উপস্থিত, সেই না দেখাকে সংলাপে এনে চলচ্ছবি তৈরী করা - কণ্ঠের যথাযথ ব্যবহারে পরিচ্ছদ ও চরিত্র সৃষ্টির অবকাশ তৈরী করা সেই কারণে সংলাপ বিশেষ ধরনের হওয়া উচিত।

শ্রুতিনাটকের সময়সীমা সাধারণভাবে কতক্ষণ কাম্য?

বিষয়ভেদে পনেরো কুড়ি মিনিট থেকে পঁয়তাল্লিশ মিনিটও হতে পারে। ব্যক্তিগতভাবে স্বল্পসময়ের শ্রুতিনাটকই পছন্দ।

শ্রুতিনাটকে মঞ্চনাটকের উপাদান (আলো, মঞ্চসজ্জা, সাজসজ্জা, আবহ ইত্যাদি) ব্যবহার করা উচিত।

আলো সংলাপ পড়াবার জন্য যথাযত হওয়া দরকার moodlight থাকলে কুশীলবের জন্য আলাদা আলো চাই -- Back drop নাটকে স্বতন্ত্র চরিত্রের চেহারা নেয়।

সাধারণভাবে মঞ্চসজ্জা তো থাকবেই কণ্ঠে বৃদ্ধার চরিত্রের বা বিদেশীর চরিত্র চিত্রণের উপাদান থাকলে চুলপাকিয়ে বা দুবেণী বাঁধায় কোন প্রয়োজনই মেটানো যাবে না তার আবহ তো সবসময়েই প্রয়োজন।

শ্রুতিনাটক ও বেতার নাটকের মধ্যে অভিনয়গত কোনো পার্থক্য আছে কি?

সাধারণভাবে নেই শুধুমাত্র শিল্পীর অভিনয়কালীন কোন ব্যক্তিগত ম্যানারিজম বাককে সেটা দৃষ্টিকটু লাগে না কিন্তু মঞ্চে শ্রুতিনাটক পরিবেশন কালে সেটা নয়ণাভিরাম না হওয়ার সম্ভাবনাই বেশী।

শ্রুতিনাটকের ভবিষ্যত সম্পর্কে আপনার মতামত?

যেভাবে বিষয়টা না ভেবে তথাকথিত 'গ্ল্যামার' এবং স্বাক্ষরদের ভিড় বাড়ানো হচ্ছে এর আঙিনায় তাকে ভবিষ্যত খুব উজ্জ্বল ভাবে পারছি না এই মূহূর্তে।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

